# বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট
## টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

# শুভ উদ্বোধন

প্রধান অতিথি

## শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সড়ক পরিবহণ
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

created with nitro PDF professional
download the free trial online at nitropdf.com/professional

# পটভূমি

- বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একটি রাষ্ট্রীয় পরিবহন সংস্থা। ১৯৬১ সালের সড়ক পরিবহন কর্পোরেশন অধ্যাদেশ অনুযায়ী আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে এ সংস্থাটি প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা যুদ্ধের পর সম্পূর্ণরূপে বিধ্বস্ত এ প্রতিষ্ঠানটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রত্যক্ষ দিক-নির্দেশনায় পুনর্গঠিত হয়ে নতুন আঙ্গিকে যাত্রা শুরু করে।
- বর্তমানে বিআরটিসিতে মোট বাস ১৫২৯ এবং ট্রাক ১৩৮টি। বর্তমান সরকারের ২০০৯-২০১৩ মেয়াদকালে মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক আগ্রহে ২৭৫টি চায়না সিএনজি, ২৫৫টি কোরিয়ান সিএনজি (এসি ১৫০টি ও নন-এসি ১০৫টি) এবং ভারতের ২৯০টি দ্বিতল, ৫০টি আর্টিকুলেটেড ও ৮৮টি এসি সর্বমোট ৯৫৮টি বাস সংগ্রহ করা হয়েছে।
- পুনর্গঠিত বিআরটিসি ১৯৭৫ সালে ০২টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করে। পরবর্তিতে ডিপো ও বাসের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৭টি তে উন্নীত হয়। ডিপো পর্যায়ের প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে প্রতিরক্ষা বাহিনীর সদস্য, পুলিশ, র‌্যাব, আনসার-ভিডিপি, সরকারী ক্যাডার কর্মকর্তা, বেসরকারি সংস্থার ব্যক্তিবর্গ এবং মহিলাসহ বিভিন্ন শ্রেণীর বেকার যুবকগণ ড্রাইভিং প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। প্রতিষ্ঠালগ্ন থেকে বিআরটিসি'র বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অদ্যাবধি সর্বমোট ১,১৫,৭৬৬ জন প্রশিক্ষণার্থী অটোমেকানিজম, গ্যাস ওয়েল্ডিং, ইলিমেন্টারী ওয়েল্ডিং, ম্যানুয়েল মেটাল আর্ক ওয়েল্ডিং ট্রেড এবং ড্রাইভিং বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ২০০৯-২০১৪ সময়ে ৬,২০৩ জন মহিলাসহ মোট ৩৪,১৮২ জন সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।
- গোপালগঞ্জ এবং এর পার্শ্ববর্তী এলাকার মহিলাসহ বেকার যুবসম্প্রদায়ের ড্রাইভিং এবং অন্যান্য ট্রেডে প্রশিক্ষণের বিষয়টি বিবেচনা করে টুঙ্গিপাড়ায় "কনস্ট্রাকশন অব বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট এ্যাট টুঙ্গিপাড়া" শীর্ষক প্রকল্পটি ২০১২ সালে অনুমোদিত হয় এবং ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে প্রকল্প কাজ সম্পন্ন হয়। এ প্রশিক্ষণ প্রতিষ্ঠানটিতে ড্রাইভিং, অটোমেকানিজম, গ্যাস ওয়েল্ডিং, ইলিমেন্টারি ওয়েলডিং, ম্যানুয়াল মেটাল আর্ক ওয়েলডিং ইত্যাদি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। আশা করা যায় দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত বিআরটিসি'র অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ন্যায় টুঙ্গিপাড়া প্রশিক্ষণ প্রতিষ্ঠানটিও মহিলাসহ বেকার যুব সম্প্রদায়কে ড্রাইভিং এবং কারিগরি বিষয়ে দক্ষতার সাথে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। দারিদ্র বিমোচন, আর্থ সামাজিক উন্নয়ন ও বৈদেশিক মুদ্রা অর্জনেও প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি বিশেষ সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

created with
nitro^PDF professional
download the free trial online at nitropdf.com/professional



বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ





বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক বেকার ও দুঃস্থ
মহিলাদের মটর ড্রাইভিং প্রশিক্ষণ

created with
nitroPDF professional
download the free trial online at nitropdf.com/professional

# প্রকল্প পরিচিতি

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | ঃ | কনস্ট্রাকশন অব বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট এ্যাট টুঙ্গিপাড়া |
| প্রকল্প বাস্তবায়নকারী | ঃ | বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন<br>গণপূর্ত অধিদপ্তর |
| প্রশাসনিক মন্ত্রণালয় | ঃ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| প্রকল্প ব্যয় | ঃ | ৯.৫ কোটি টাকা |
| অর্থায়নে | ঃ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| প্রকল্প অনুমোদনের তারিখ | ঃ | ১৯ সেপ্টেম্বর ২০১২ |
| প্রকল্প মেয়াদ | ঃ | জানুয়ারি ২০১১-৩১ ডিসেম্বর ২০১৪ |
| প্রকল্প এলাকা | ঃ | ৩ একর |
| প্রকল্প স্থান | ঃ | টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| কাজের বিবরণ | ঃ | ত্রিতল প্রশাসনিক ভবন<br>দ্বিতল ছাত্রাবাস<br>দ্বিতল ছাত্রীনিবাস<br>শ্রেণীকক্ষ<br>ওয়ার্কশপ<br>এ্যাপ্রোচ রোড এন্ড ড্রাইভিং ট্র্যাক<br>ডিপ টিউবঅয়েল<br>ইলেক্ট্রিক ওয়ার্ক এন্ড ২০০ কেভিএ সাবস্টেশন |



created with nitro PDF professional
download the free trial online at nitropdf.com/professional

# এক নজরে বিআরটিসি

## পরিচিতি

| | |
|---|---|
| প্রধান কার্যালয় (নিজস্ব ভবন) | : পরিবহন ভবন, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা-১০০০ |
| মোট ডিপোর সংখ্যা | : ২০টি (বাস ডিপো: ১৮টি, ট্রাক ডিপো: ০২টি) |
| ওয়ার্কশপ | : ০২টি |
| ট্রেনিং ইনস্টিটিউট | : ১৭টি |
| বাস সংখ্যা | : ১৫২৯টি |
| | সচল : ১০৭৭ |
| | ভারী মেরামতাধীন : ২৭০ |
| | বিইআর প্রস্তাবিত : ১৮২ |
| ট্রাক সংখ্যা | : ১৩৮টি |
| | **সচল : ১২৮** |
| | **ভারী মেরামতাধীন : ০৮** |
| | **বিইআর প্রস্তাবিত : ১২** |
| রাজস্ব আয় (২০১৩-১৪) | : ২৪৩.১১ কোটি টাকা, ব্যয়: ২৩৩.৫৩ কোটি টাকা, অপারেটিং সারপ্লাস: ৯.৫৮ কোটি টাকা |

## প্রধান প্রধান কর্মকান্ড

- বাংলাদেশে সর্ব প্রথম ৫০টি আর্টিকুলেটেড বাস চালুর মাধ্যমে যাত্রীসেবায় নতুন মাত্রা যোগ হয়েছে
- নতুনভাবে চালুকৃত মোহাম্মদপুর, গাবতলী ও গাজীপুর বাস ডিপোসহ বর্তমানে ১৮টি বাস ডিপো'র মাধ্যমে সারা দেশে ৮২টি নতুন রুটসহ মোট ২৮৬টি রুটে বিআরটিসি'র বাস সার্ভিস পরিচালিত হচ্ছে
- ঢাকা থেকে ২৭টি জেলা শহরে এসি বাস সার্ভিস চালু আছে
- ঢাকা-কোলকাতা এবং ঢাকা-আগরতলা রুটে এসি বাস সার্ভিস রয়েছে
- ইতোপূর্বে বন্ধকৃত সোনাপুর ও উথলী এবং মোহাম্মদপুর ডিপো পুনরায় চালু করা হয়েছে
- জয়দেবপুর এবং তেজগাঁও এ বিআরটিসি'র ২টি ওয়ার্কশপ রয়েছে
- যাত্রী সেবার পরিমাণ ২০% বৃদ্ধি পেয়েছে
- বাসের সংখ্যার সাথে সামঞ্জস্য রেখে চালকে
- বর্তমানে ঢাকা শহরে ২০৩টি বাস দ্বারা বিভি

created with
nitro PDF professional
download the free trial online at nitropdf.com/professional

- ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে ঢাকা শহরে ১৪টি স্কুল বাস সার্ভিস চালু রয়েছে
- মহিলাদের স্বাচ্ছন্দ্যে যাতায়াতের সুবিধার্থে মহিলা বাস সার্ভিস সম্প্রসারণ করা হয়েছে। বর্তমানে মহিলা বাস সার্ভিসের ১৭টি বাস ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুরের বিভিন্ন রুটে চলাচল করছে
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি'র বাস বহর থেকে মাননীয় প্রধানমন্ত্রী ২৭টি শিক্ষা প্রতিষ্ঠানকে ৪৯টি বাস উপহার প্রদান করেছেন
- নিয়মিত যাত্রীসেবার বাইরে ঈদ, হজ্জ, বিশ্ব ইজতেমা ও দেশের যে কোন দূর্যোগকালীন সময়ে বিআরটিসি বিশেষ বাস সার্ভিস প্রদান করে থাকে
- যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য বিআরটিসি'র বাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা সংযোজন করা হয়েছে
- মহিলা ও প্রতিবন্ধীদের জন্য প্রতিটি বাসে পূর্বের ৯টি থেকে বাড়িয়ে বর্তমানে ১৩টি আসন আলাদা ভাবে সংরক্ষণ করা হচ্ছে
- বর্তমানে বিআরটিসি ডিএসএল (Debt Service Liabilities) এর অর্থ এবং প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর পাওনা অর্থ নিয়মিত পরিশোধ করছে
- অস্থিতিশীল পরিস্থিতিতে অধিকাংশ বেসরকারি পরিবহন সংস্থার যানবাহন চলাচল বন্ধ থাকে। এ ধরনের ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতেও বিআরটিসি জনস্বার্থে যাত্রীসেবা এবং পণ্য পরিবহন কার্যক্রম অব্যাহত রাখে
- সার্বিক বিবেচনায় বিআরটিসি বর্তমানে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে

## ডিজিটালাইজেশন

- ডিজিটাল বাংলাদেশ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে বিআরটিসি'র ঢাকা সিটি বাস সার্ভিসে জুলাই ২০০৯ সাল থেকে ই-টিকেটিং সিস্টেম চালু করা হয়েছে। এ পর্যন্ত ৩টি রুটে মোট ৫৯টি টিকেট কাউন্টারের মাধ্যমে এ সেবা প্রদান করা হচ্ছে
- ঢাকা সিটি বাস সার্ভিসে আইসিটি ফেয়ার কালেকশন সিস্টেম-এসপাস (SPASS) কার্ড এর ব্যবহার এপ্রিল ২০১২ থেকে চালু করা হয়েছে
- মোবাইল প্রযুক্তির মাধ্যমে বিআরটিসি'র চলন্ত ২৫টি বাসে Access to Information (A2i) Programme এর আওতায় Wi-Fi Internet System এবং Vehicle Tracking System চালু করা হয়েছে






created with nitro PDF professional
download the free trial online at nitropdf.com/professional